# ডিএমপির গুলশান বিভাগের ডিসি হলেন রুহুল কবীর




ডিএমপির গুলশান বিভাগের ডিসি রুহুল কবীর। ছবি: সংগৃহীত

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গুলশান বিভাগের উপকমিশনার (ডিসি) হিসেবে দায়িত্ব পেয়েছেন মোহাম্মদ রুহুল কবীর খান।

সোমবার ( ২১ সেপ্টেম্বর) ডিএমপি কমিশনার মোসলেহ উদ্দিন আহমদের সই করা এক অফিস আদেশে তাকে এ পদে পদায়নের কথা জানানো হয়।

২৭তম বিসিএস (পুলিশ) ব্যাচের কর্মকর্তা রুহুল কবীর খান এর আগে চুয়াডাঙ্গার পুলিশ সুপার (এসপি) ছিলেন। রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপনে তাকে চুয়াডাঙ্গা থেকে ডিএমপিতে বদলি করা হয়।

এর আগে ২০২৪ সালের ৫ আগস্টের পর ডিএমপির তেজগাঁও বিভাগের ডিসি হিসেবেও দায়িত্ব পালন করেছেন তিনি। তার বাড়ি নেত্রকোনা জেলায়।

LENS ASIA